

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০০.৫২০০.০৪২.১৪.০৩৭.১৭. ৭৩৬

৩০ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ
তারিখঃ ২৪ মে ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ লালমনিরহাট জেলা পরিষদের ২০১৭-২০১৮ অর্থ বছরে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্রঃ লালমনিরহাট জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং-জেপ-লাল/২০১৮/১০৬, তারিখঃ ২২/৩/২০১৮।

লালমনিরহাট জেলা পরিষদের ২০১৭-২০১৮ অর্থ বছরে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৩,১৫,০০,০৬৫/- (তিন কোটি পনের লক্ষ পয়ষট্টি হাজার) টাকায় ২৫০ টি প্রকল্পের মধ্যে প্রকল্প তালিকার ক্রমিক নং-১৪৬, ১৫৩, ২০০, ২০৫ ও ২৪৬ এ বর্ণিত প্রকল্পসমূহ ব্যতীত ৩,০৭,০০,০৬৫/- (তিন কোটি সাত লক্ষ পঁয়ষট্টি) টাকায় গৃহীত সংযুক্ত তালিকায় বর্ণিত ২৪৫টি প্রকল্প নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলোঃ

শর্তসমূহঃ

- ১) ৫.০০ টাকার উপরে প্রকল্প/প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী এলজিইডি, লালমনিরহাট কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ২) পিপিআর ২০০৮ এর এ সংক্রান্ত সকল বিধি-বিধান অনুসরণপূর্বক প্রকল্পসমূহ বাস্তবায়ন করে মন্ত্রণালয়ে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ৩) দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্প/প্রকল্পসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে;
- ৪) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে;
- ৫) প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর জনসাধারণের অবগতির জন্য প্রকল্পস্থানে “জেলা পরিষদ লালমনিরহাট এর সৌজন্য/অর্থায়নে বাস্তবায়িত” বাক্যটি লিখে ফলক লাগাতে হবে;
- ৬) বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় জেলা পরিষদ উন্নয়ন সহায়তা থোক বরাদ্দকৃত অর্থের বন্টন, বরাদ্দকৃত অর্থ প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত স্থানীয় সরকার বিভাগের ২১/০৯/২০১৬ তারিখের ২২৬০ নং স্মারকের পরিপত্রটি যথাযথভাবে অনুসরণ করতে হবে। ৪০% এর বেশি প্রকল্প পিআইসির (প্রকল্প বাস্তবায়ন কমিটির) মাধ্যমে বাস্তবায়ন করা যাবে না।

২। ছয় লক্ষ টাকার গৃহীত প্রকল্প তালিকার ক্রমিক নং-১৪৬, ২০৫, ২৪৫ এ বর্ণিত প্রকল্প ৩টি গরীব ও দুঃস্থ মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ সংক্রান্ত। প্রশিক্ষণ বিহীন সেলাই মেশিন বিতরণ দারিদ্র নিরসনে সহায়ক হবে না মর্মে বিবেচিত হওয়ায় এবং দুই লক্ষ টাকার গৃহীত ক্রমিক নং- ১৫৩, ২০০ এ বর্ণিত প্রকল্প ২টি সরকারি প্রাথমিক বিদ্যালয় ও বালিকা উচ্চ বিদ্যালয়ের উন্নয়ন সংক্রান্ত হওয়ায় জেলা পরিষদের মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাবে অসম্মতি জ্ঞাপন করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

J. Main
28/05/2018
(ড. জুলিয়া মঈন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, লালমনিরহাট।

অনুলিপি :

- ১। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।